

ঢাকা, ৬ ফেব্রুয়ারি ২০২০

চাকরী নামক সোনার হরিনের পেছনে না ছুটে উদ্যোক্তা হওয়ার চেষ্টা করুন  
ইউনাইটেড বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে শিক্ষার্থীদের উদ্দেশ্যে -মাননীয় শিক্ষা  
মন্ত্রী ডা. দীপু মনি, এম.পি.

শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি, এমপি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেছেন চাকরী  
নামক সোনার হরিনের পেছনে না ছুটে নিজেরা উদ্যোক্তা হয়ে বেকার  
যুবকদের জন্য চাকরী তৈরি করুন। নিজেরা সফল উদ্যোক্তা হওয়ার স্বপ্ন  
দেখুন। নিজের উপর বিশ্বাস রাখুন। অতীষ্ট লক্ষ্য বাস্তবায়নে ধৈর্য ধারণ  
করুন। ঝুঁকি নেয়ার সাহস রাখুন। নিজের উপর কখনও অতিমাত্রায় চাপ  
নিবেন না।

তিনি আজ বিকালে রাজধানীর ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির  
ষষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তৃতায় এ কথা বলেন।  
সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক  
বিষয়ক উপদেষ্টা ডঃ গওহর রিজভী। সমাবর্তন অনুষ্ঠানে ইউনাইটেড  
ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ডঃ চৌধুরী মোস্তাফিজুর  
রহমানসহ বিশ্ববিদ্যালয় বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্যবৃন্দ শিক্ষকবৃন্দ  
উপস্থিত ছিলেন।

মন্ত্রী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন আরও বলেন স্বপ্ন দেখেই ক্ষান্ত হবে না,  
স্বপ্নকে জীবিত করে তুলবে। তৈরি করুন নতুন নতুন এক একটি কাব্য।  
আপনার স্বপ্ন বাস্তবায়নের মাঝে হাজারো স্বপ্ন বেঁচে থাকবে যুগ যুগ ধরে।

মোহাম্মদ আবুল খায়ের

জনসংযোগ কর্মকর্তা

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল ০১৭১৬০৬৬৮৮৮